



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০২০.১৯.২৮২

তারিখ: ১০ আষাঢ়, ১৪২৯

২৪ জুন ২০২২

বিষয়: তদন্ত কর্মকর্তা নিয়োগ


সূত্র: দুদক প্রধান কার্যালয়ের স্মারক নং ০০.০১.০০০০.৫০৩.২৬.১১৫.২২-১৫৪৪৬; ১৯/৪/২২

দুদক প্রধান কার্যালয়ের স্মারক নং ০০.০১.০০০০.৫০৩.২৬.১১৫.২২-১৫৪৪৬; ১৯/৪/২২ মোতাবেক চট্টগ্রাম জেলার সাতকানিয়া আদর্শ মহিলা কলেজের পিয়ন মিয়া হাছেন এর জাতীয় পরিচয়পত্র জালিয়াতির অভিযোগ করে টি.হক দুদকে আবেদন করেন। দুদক কার্যালয় অভিযোগটির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাউশিতে প্রেরণ করেন।

অভিযোগের বর্ণনা: চট্টগ্রাম জেলাধীন সাতকানিয়া আদর্শ মহিলা কলেজের পিয়ন মিয়া হাছেন এর দুর্নীতি ও জোচ্ছুরির বিষয়ে প্রতিকার লাভের আশায় আমরা এলাকাবাসী আপনার শরণাপন্ন হয়েছি। তার বসতবাড়ি মহিলা কলেজের সাথে লগায়ো হওয়ায় তার অনিয়ম, দৌরাত্মের কাছে প্রতিষ্ঠানটি জিম্মি হয়ে পড়েছে। কেননা, তিনি চাকরী করেন তার মর্জিমাফিক আর সারাক্ষণ ব্যস্ত থাকেন পার্শ্ববর্তী সাতকানিয়া হাসপাতালে প্রতিদিনের খাদ্য সরবরাহ, লবণ ব্যবসা ও জায়গা জমি বেচাকেনার দালালির কাজে। উক্ত মিয়া হাছেন চাকরিতে মেয়াদ বৃদ্ধির জন্য তার জাতীয় পরিচয়পত্র পর্যন্ত সম্পূর্ণ পাল্টে ফেলেছেন। চাকরিতে অবৈধভাবে সুবিধা ভাগের জন্য একই ব্যক্তি দু'বার দু'রকম জাতীয় পরিচয়পত্র বানিয়েছে, এরকম জন্য জালিয়াতি বাধে হয় দ্বিতীয়টি নেই। তার প্রকৃত জন্ম তারিখ ২৭/০৮/১৯৬২ তারিখ এবং তিনি সে তারিখ উল্লেখ করে চাকরিতে যোগদান করেন। ২০০৮ সনে জাতীয় পরিচয়পত্র প্রণয়ন করা হলে তাতেও সে তারিখের উল্লেখ করা হয়। তার সেসময়ের মাসিক বেতনভাতার বিবরণী বহিতেও সে তারিখের উল্লেখ পাওয়া যায়। কিন্তু পরবর্তীতে কলেজ অধ্যক্ষের পরামর্শে চাকুরীর মেয়াদ বৃদ্ধির জন্য তিনি জাতীয় পরিচয়পত্রে তার নাম যেমন পরিবর্তন করে ফেলেছেন, তেমনি জন্ম তারিখও আট বছর কমিয়ে ১৪/০২/১৯৭০ তারিখ করে নিয়েছেন। জোচ্ছুরি করতে গিয়ে তিনি আর তার মেয়ে লাভলী আক্তার-এর জন্ম তারিখ দেখিয়েছেন ০৩/০২/১৯৮৪ তারিখ। যা দ্বারা বুঝা যাচ্ছে মাত্র বার বছরের শিশুকালে তিনি বিয়ে করেছেন এবং তের/চৌদ্দ বছরের নাবালক বয়সে হয়েছেন কন্যার পিতা। শুধু তাই নয়, তার ১৫ বছরের ছাটে সহাদেয় ভাই এর এই বয়স জালিয়াতির কারণে হয়ে গেছেন তার চেয়ে ২ বছরের বড়। এসব বিষয় প্রমাণ করে, নিঃসন্দেহে তিনি চাকুরীতে অবৈধ সুবিধা ভাগের জন্য জাতীয় পরিচয়পত্রের দু'বার দু'রকম তথ্য লিপি করেছেন। যা আইনত মারাত্মক শাস্তিযোগ্য অপরাধ বটে। শুধু তাই নয়, উক্ত মিয়া হাছেন-এর রয়েছে কলেজের ছাত্রীদের সাথে অশালীন ব্যবহার ও যৌন হয়রানির জঘন্য আচরণের অসংখ্য অভিযোগ। গত সপ্তাহেও একজন ছাত্রীর গায়ে হাত তালোয় ও শারীরিকভাবে নাজেহাল করলে ঘটনায় কলেজের ছাত্রীদের মাঝে জন্ম নিয়েছে অনমনীয় বিক্ষোভ। হয়রানীর শিকারে ছাত্রীর পা ধরে মাফ চেয়ে ঘটনার খামাচাপা দেওয়ার চেষ্টা করলেও উক্ত ছাত্রী ও অভিভাবকদের তীব্র অসন্তোষ যেকোন মুহূর্তে ঘটাতে পারে অপ্রীতিকর ঘটনা। আশা করি বিষয়গুলো যথাযথ তদন্তপূর্বক দুর্নীতিবাজ মিয়া হাছেনের জাতীয় পরিচয়পত্রে জালিয়াতির মাধ্যমে অবৈধভাবে সরকারী সুবিধা ভাগে করার বিষয়ে কঠোর ব্যবস্থা গ্রহণ করে দুর্নীতির বিষয়ে আপনাদের দায়বদ্ধতা নিশ্চিত করবেন।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়টি ১২ কর্ম দিবসের মধ্যে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামত সহ প্রতিবেদন দাখিল করার জন্য পরিচালক ও সহকারী পরিচালক (কলেজ) , মাউশি, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রামকে নির্দেশক্রমে দায়িত্ব প্রদান করা

হলো।



২৪-৬-২০২২

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক

ফোন: +88-02-223351057

ইমেইল: dg@dshe.gov.bd

বিতরণ :

১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা চট্টগ্রাম অঞ্চল,
চট্টগ্রাম

২) সহকারী পরিচালক (কলেজ), কলেজ শাখা, মাধ্যমিক
ও উচ্চ শিক্ষা চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০২০.১৯.২৮২/১(৪)

তারিখ: ১০ আষাঢ় ১৪২৯

২৪ জুন ২০২২


সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক, পরিচালক (দৈনিক ও সাম্প্রতিক অভিযোগ সেল), দুর্নীতি দমন কমিশন

২) অধ্যক্ষ, সাতকানিয়া আদর্শ মহিলা কলেজ, চট্টগ্রাম।

৩) মিয়া হোছেন, অফিস সহায়ক, সাতকানিয়া আদর্শ মহিলা কলেজ, চট্টগ্রাম।

৪) টি.হক্ক, এলাকাসীমার পক্ষে



২৪-৬-২০২২

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক